

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭০৮

৮/ সাওম (রোজা) (্রুট্রি আটি এতা তেন্ট্রি) পরিচ্ছেদঃ সফরে সিয়াম পালন পছন্দনীয় নয়

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ الصَّوْم فِي السَّفَرِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدِ، عَنْ جَعْفَرِ بْنِ مُحَمَّدِ، عَنْ أَبِيهِ، عَنْ جَابِرِ بْنِ عَبْد اللَّهِ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم خَرَجَ إِلَى مَكَّةَ عَامَ الْفَتْح فَصَامَ حَتَّى بَلَغَ كُرَاعَ الْغَمِيم وَصِيَامَ النَّاسُ مَعَهُ فَقِيلَ لَهُ إِنَّ النَّاسَ قَدْ شَقَّ عَلَيْهِمُ الصِّيَامُ وَإِنَّ النَّاسَ يَنْظُرُونَ فِيمَا فَعَلْتَ . فَدَعَا بِقَدَح مِنْ مَاءٍ بَعْدَ الْعَصْر فَشَرِبَ وَالنَّاسُ يَنْظُرُونَ إِلَيْهِ فَأَفْطَرَ بَعْضُهُمْ وَصَامَ بَعْضُهُمْ فَبَلَغَهُ أَنَّ نَاسًا صَامُوا فَقَالَ " أُولَئِكَ الْعُصاةُ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ كَعْبِ بْنِ عَاصِمِ وَابْنِ عَبَّاسٍ وَأَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ جَابِر حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُوِيَ عَنِ النَّبِيّ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ " لَيْسَ مِنَ الْبِرِّ الصِّيَامُ فِي السَّفَرِ " . وَاخْتَلَفَ أَهْلُ الْعِلْم فِي الصَّوْم فِي السَّفَرِ فَرَأَى بَعْضُ أَهْلِ الْعِلْم مِنْ أَصْحَابِ النَّبِيّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنَّ الْفِطْرَ فِي السَّفَرِ أَفْضَلُ حَتَّى رَأًى بَعْضُهُمْ عَلَيْهِ الإِعَادَةَ إِذَا صَامَ فِي السَّفَرِ . وَاخْتَارَ أَحْمَدُ وَإِسْحَاقُ الْفِطْرَ فِي السَّفَر . وَقَالَ بَعْضُ أَهْل الْعِلْم مِنْ أُصْحَابِ النَّبِيّ صلى الله عليه وسلم وَغَيْرهِمْ إِنْ وَجَدَ قُوَّةً فَصَامَ فَحَسَنٌ وَهُوَ أَفْضَلُ وَإِنْ أَفْطَرَ فَحَسَنٌ . وَهُوَ قَوْلُ سُفْيَانَ الثَّوْرِيّ وَمَالِكِ بْنِ أَنْسِ وَعَبْدِ اللَّهِ بْنِ الْمُبَارَكِ . وَقَالَ الشَّافِعِيُّ وَإِنَّمَا مَعْنَى قَوْلِ النَّبِيّ صلى الله عليه وسلم " لَيْسَ مِنَ الْبِرّ الصِيّيَامُ فِي السَّفَر " . وَقَوْلُهُ حِينَ بَلَغَهُ أَنَّ نَاسًا صَامُوا فَقَالَ " أُولَئِكَ الْعُصِاةُ " . فَوَجْهُ هَذَا إِذَا لَمْ يَحْتَمِلْ قَلْبُهُ قَبُولَ رُخْصِةِ اللَّهِ فَأَمَّا مَنْ رَأَى الْفِطْرَ مُبَاحًا وَصِنَامَ وَقُويَ عَلَى ذَلِكَ فَهُوَ أَعْجَبُ إِلَى .

বাংলা



৭০৮. কুতায়বা (রহঃ) জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত যে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম (রামাযান মাস) মক্কা বিজয় বছরে যখন মক্কার দিকে বের হন, তখন কুরা'উল -গামীম নামকস্থানে পৌঁছা পর্যন্ত সিয়াম পালন করেন। লোকেরা ও তাঁর সঙ্গে সিয়াম পালন করেন। তখন তাকে বলা হল; লোকদের জন্য সিয়াম পালন করা কষ্টকর হয়ে যাচ্ছে। তারা আপনি কি করেন তার প্রতি তাকিয়ে আছে। তিনি আসরের পর এক পেয়লা পানি চেয়ে আনালেন এবং তা পান করলেন। লোকেরা তখন তাঁর দিকে দেখছিল। তখন কেউ কেউ সাওম ভেঙ্গে ফেলল আর কেউ কেউ সায়িম রইলো। লোকেরা সিয়াম পালন করছে এই কথা তাঁর কাছে পৌঁছলে তিনি বললেনঃ এরা হল নাফরমান। - ইরওয়া ৪/৫৭, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৭১০ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে কা'ব ইবনু আমিস, ইবনু আব্বাস ও আবৃ হুরায়রা (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা (রহঃ) বলেন, জাবির (রাঃ) বর্ণিত এই হাদিসটি হাসান সহীহ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে যে, "তিনি বলেনঃ সফরে সিয়াম পালনে নেকী নেই"।

সফর অবস্থায় সিয়াম পালন সম্পর্কে আলিমগণের মতভেদ রয়েছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী ও অন্যান্যদের মধ্যে কোন কোন আলিমের মত হল সফরে সিয়াম পালন করতে হবে। ইমাম আহমাদ ও ইসহাক (রহঃ) সফরে সিয়াম পালন না করার মত গ্রহণ করেছেন। আর কতক সাহাবী ও অপরাপর আলিম বলেন, সফরে যদি শক্তি থাকে এবং সিয়াম পালন করে তবে তা ভাল এবং তাই উত্তম। আর যদি সিয়াম পালন না করে তবে তা-ও ভাল। এ হলো, সুফিয়ান সাওরী, মালিক ইবনু আনাস ও আবদুল্লাহ ইবনু মুবারক (রহঃ)-এর অভিমত। ইমাম শাফই (রহঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উক্তি "সফরে সিয়াম পালন করার কোন নেকী নেই।" এবং যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর এই খবর পৌছল যে কিছু সংখ্যক লোক সফরে সিয়াম পালন করছে। তখন তিনি বললেনঃ "এরা নাফরমান।" এই হাদিস দুটি সে ব্যক্তির জন্য প্রযোজ্য যার অন্তর আল্লাহ প্রদন্ত অবকাশ গ্রহণ করে না। কিন্তু যে ব্যক্তি সফরে সিয়াম ভঙ্গ করা মুবাহ্ বলে বিশ্বাস করে এবং সিয়াম পালনে শক্তি থাকায় সে তা পালন করে, তা আমার কাছে পছন্দনীয়।

English

Jabir bin Abdullah narrated:

"The Messenger of Allah went to Makkah in the Year of the Conquest, so he fasted until he reached Kura Al-Ghamim and the people were fasting with him. Then it was said to him: 'The fast has become difficult for the people, and they are watching you to see what you will do.' So after Asr, he called for a cup of water and drank it while the people were looking at him. Some of them broke the fast while some of them continued their fasting. It was conveyed to him that people were still fasting, so he said: "Those are the disobedient.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন